

২৯ জুন, ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে শিক্ষকদের অবমাননা, হামলা ও নির্যাতন এবং হতাহতের ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট

সাম্প্রতিক সময়ে বিভিন্ন ঘটনায় শিক্ষকের অবমাননা, হামলা, নির্যাতন ও মৃত্যু ঘটেছে। যা অনাকাঙ্ক্ষিত এবং অনভিপ্রেত। এ সকল ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের বিচার এবং শাস্তি নিশ্চিত করার দাবী জানাচ্ছে ব্লাস্ট। [নড়াইলে 'ধর্ম অবমাননা'র অভিযোগে মির্জাপুর ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ](#) স্বপন কুমার বিশ্বাসকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের উপস্থিতিতেই জুতার মালা পরিয়ে চরমভাবে হেনস্তা ও অবমাননা করা হয়েছে। যা সম্পূর্ণ বেআইনী ও অসাংবিধানিক। বিশেষ করে ২০১০ সালে মহামান্য হাইকোর্ট বিচার বহির্ভূত শাস্তি সম্পূর্ণরূপে বাতিল করে নির্দেশনা দিয়েছেন। হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী এ ধরনের শাস্তি প্রদানকারী ও শাস্তি প্রদানে সহায়তা প্রদানকারী ব্যক্তি দণ্ডবিধি ও রাষ্ট্রের অন্যান্য আইনে দায়ী হবেন। আইন প্রয়োগকারী সংস্থা, ইউনিয়ন পরিষদ এবং পৌরসভাকে বিচারবহির্ভূত শাস্তি বন্ধ করতে স্ব স্ব এলাকায় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে এবং বিচার বহির্ভূত শাস্তি প্রদানের ঘটনা সংঘটিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে রায়ে নির্দেশনা দেয়া হয়েছে। উল্লেখিত ঘটনা বাংলাদেশ সংবিধান, প্রচলিত আইন ও সুপ্রিমকোর্টের রায়ের সম্পূর্ণ পরিপন্থী।

ব্লাস্ট এসব ঘটনার সুষ্ঠু তদন্ত ও যথাযথ বিচার নিশ্চিত করাসহ মহামান্য হাইকোর্টের রায়ের যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ পদক্ষেপ গ্রহণের আহবান জানাচ্ছে।

আরও তথ্যের জন্য: communication@blast.org.bd